

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ২০৫

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩. সালাতের শর্তসমূহ - সালাত বিশুদ্ধ হওয়ার জন্য পবিত্রতা শর্ত

## আরবী

عَنْ عَلِيّ بْنِ طَلْقٍ \_ رضي الله عنه \_ قَالَ: قَالَ رَسُولُ اللّهِ \_ صلى الله عليه وسلم: «إِذَا فَسَا أَحَدُكُمْ فِي الصَّلَاةِ فَلْيَنْصَرِفْ, وَلْيَتَوَضَّأْ, وَلْيُعِدْ الصَّلَاةَ». رَوَاهُ الْخَمْسَةُ, وَصَحَّحَهُ ابْنُ حِبَّانَ

ضعيف. رواه أبو داود (205)، والنسائي في «عشرة النساء»، (137 ـ 140)، والترمذي (1166)، وأحمد (1/ 88) وجعله من مسند علي بن أبي طالب، وهو خطأ منه كما نَبَّهَ على ذلك ابن كثير في «التفسير» (1/ 385)، وابن حبان في «صحيحه» (2237) قلت: والحديث ضعيف؛ لأن مَدَاره على مجهول هذا أولا. وثانيا: عند بعضهم زيادة النهي عن إتيان النساء في أدبارهن، وهذه الزيادة صحيحة بما لها من شواهد أخرى. ثالثا: الحديث لم يروه ابن ماجه، وهذا من أوهام الحافظ \_رحمه الله

## বাংলা

২০৫. আলী বিন ত্বলক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আল্লাহর রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, তোমাদের মধ্যে যে ব্যক্তি সালাতে বাতকর্ম করবে, (সালাত ছেড়ে) সরে গিয়ে উযূ করবে ও সালাত পুনরায় আদায় করবে। ইবনু হিব্বান একে সহীহ বলেছেন।[1]

## ফটনোট

[1] যঈফ। আবু দাউদ ২০৫; নাসায়ী তার 'ইশরাতুন নিসায়' (১৩৭-১৪০); তিরমিযী ১১৬৬; আহমাদ ১/৮৬।



ইমাম আহমাদ একে মুসনাদে আলীর মুসনাদের অন্তর্ভুক্ত বলেছেন। তার দাবী ভুল। এ বিষয়ে ইবনু কাসীর তাঁর তাফসীরে (১/৩৮৫) এবং ইবনু হিব্বান তার সহীহ গ্রন্থে (২২৩৭) সর্তক করেছেন। মুহাক্কিক সুমাইর আয-যুহাইরি বুলুগুল মারামের ব্যাখ্যা গ্রন্থে বলেন: হাদীসটি যঈফ। কেননা, এর ভিত্তি মাজহুলের উপর। আর এই বর্ধিত অংশটুকু সহীহ, যেহেতু এর পক্ষে সমর্থক হাদীস রয়েছে। তৃতীয়ত: হাদীসটি ইবনু মাজাহ বর্ণনা করেননি। এটা ইবনু হাজারের ভুল।

শাইখ মুহাম্মাদ বিন আবদুল ওয়াহহাব তাঁর আল হাদীস (১/৩৬৪) গ্রন্থে এর সনদকে উত্তম বলেছেন। অপরপক্ষে ইমাম ইবনু কাসীর তাঁর ইরশাদুল ফাকীহ (১/১৫৩) গ্রন্থে বলেন, এর সনদে ইযতিরাব সংঘটিত হয়েছে। ইবনুল কাত্তান বলেন, হাদীসটি বিশুদ্ধ নয়। (আল ওহম ওয়াল ইহাম ৫/১৯২) আলবানী দুর্বল বলেছেন; যাঈফুল জামে ৬০৭, আবু দাউদ ২০৫, (যঈফ আবু দাউদ ১০০৫) ইবনু কাসীর বলেন, এ হাদীসে ইযতিরাব সংঘটিত হয়েছে। (ইরশাদুল ফাকীহ ১/১৫৩)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আলী বিন ত্বলক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন